# ডেঙ্গু প্রতিরোধে নাগরিকদের সচেতনতার আহ্বান জামায়াত আমিরের



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

ডেঙ্গু প্রতিরোধ এবং নাগরিক সমস্যা সমাধানে শুধু সরকারের ওপর নির্ভর না করে সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

বুধবার (১ জুলাই) রাজধানীর শেওড়াপাড়ায় ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা কর্মসূচি শেষে তিনি বলেন, পানি, গ্যাস ও জলাবদ্ধতার মতো অনেক সমস্যার পেছনে নাগরিকদের অসচেতন আচরণও দায়ী। ড্রেন বা খালে-নালায় ময়লা-আবর্জনা না ফেলার আহ্বান জানান তিনি।

ডা. শফিকুর রহমান বলেন, জনসেবামূলক সমস্যাগুলোর সমাধানে সরকার, রাজনৈতিক দল ও সাধারণ মানুষের সম্মিলিত উদ্যোগ প্রয়োজন। বিদ্যুৎ পরিস্থিতির উন্নয়নে সরকারের প্রচেষ্টার কথাও উল্লেখ করেন তিনি।

আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও উন্নত করতে পুলিশকে সহযোগিতা করার পাশাপাশি অভিভাবকদের সন্তানদের চলাফেরা ও সঙ্গ সম্পর্কে সতর্ক থাকার পরামর্শ দেন জামায়াত আমির।

LENS ASIA